



যুক্তরাষ্ট্র-ইরানকে আবার আলোচনায় ফেরার আহ্বান অস্ট্রেলিয়ার



পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং। ছবি: সংগৃহীত

যুদ্ধবিরতি বজায় রেখে যুক্তরাষ্ট্র ও ইরানকে আবার আলোচনায় ফেরার আহ্বান জানিয়েছে অস্ট্রেলিয়া। এ বিষয়ে দেশটির পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং এক বিবৃতিতে উদ্বেগ প্রকাশ করেন।

অস্ট্রেলিয়ার বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত বক্তব্যে তিনি বলেন, ইসলামাবাদে যুক্তরাষ্ট্র-ইরান আলোচনার কোনো চূড়ান্ত সমঝোতা না হওয়ায় তারা হতাশ। তার মতে, এখন অগ্রাধিকার হওয়া উচিত সংঘাত না বাড়িয়ে শান্ত পরিস্থিতি ধরে রাখা এবং দ্রুত নতুন করে আলোচনার পথ তৈরি করা।

তিনি আরও সতর্ক করে বলেন, সংঘাত দীর্ঘায়িত হলে শুধু মানবিক সংকটই বাড়বে না, এর নেতিবাচক প্রভাব বৈশ্বিক অর্থনীতিতেও পড়বে।

এর আগে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে শুরু হওয়া এ আলোচনা চলে শনিবার বিকেল থেকে রবিবার পর্যন্ত। 'ইসলামাবাদ টকস' নামে পরিচিত এই বৈঠকে দীর্ঘ সময় আলোচনা হলেও শেষ পর্যন্ত কোনো চুক্তিতে পৌঁছানো যায়নি।

আলোচনা শেষে এক সংবাদ সম্মেলনে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি জেডি ভ্যান্স জানান, প্রায় ২১ ঘণ্টার আলোচনায় গুরুত্বপূর্ণ বহু বিষয় উঠে এলেও কোনো সমঝোতা হয়নি। তিনি বলেন, দুই পক্ষের অবস্থান ও সীমারেখা স্পষ্ট করা হয়েছে, তবে ইরান কিছু শর্ত মেনে নেয়নি, যার কারণে চূড়ান্ত চুক্তি সম্ভব হয়নি।

তথ্যসূত্র: আল জাজিরা